



ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষৎ

আগরতলা : ত্রিপুরা ।

প্রেস রিলিজ

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষৎ পরিচালিত ২০১৪ সালের মাধ্যমিক, মাদ্রাসা মাধ্যমিক/ মাদ্রাসা আলিম পরীক্ষার ফল আগামী ৫ই জুন, ২০১৪ (বৃহস্পতিবার) প্রকাশিত হবে এবং উচ্চতর মাধ্যমিক, উচ্চতর মাধ্যমিক মাদ্রাসা ফাজিল আর্টস ও মাদ্রাসা ফাজিল থিওলজি পরীক্ষার ফল ৭ই জুন, ২০১৪ (শনিবার) প্রকাশিত হবে। উভয়ক্ষেত্রেই ফল প্রকাশের সময় সকাল ৯টা।

এই উপলক্ষে ৫ই জুন, ২০১৪ সকাল ৯টায় মাধ্যমিক, মাদ্রাসা মাধ্যমিক/ মাদ্রাসা আলিম পরীক্ষার এবং ৭ই জুন, ২০১৪ সকাল ৯টায় উচ্চতর মাধ্যমিক, উচ্চতর মাধ্যমিক মাদ্রাসা ফাজিল আর্টস, মাদ্রাসা ফাজিল থিওলজি পরীক্ষার ফল ঘোষণার জন্য পর্ষদের মিলনায়তনে সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়েছে। ত্রিপুরা থেকে প্রকাশিত সকল দৈনিক পত্রিকা, আকাশবাণী এবং দূরদর্শনসহ অন্যান্য বৈদ্যুতিন প্রচার মাধ্যমের প্রতিটির একজন সাংবাদিক/ প্রতিনিধিকে উক্ত সাংবাদিক সম্মেলনে (উল্লিখিত ফল ঘোষণার দিনে) উপস্থিত থাকার জন্য মধ্যশিক্ষা পর্ষৎ-এর সভাপতির পক্ষ থেকে অনুরোধ করা হচ্ছে।

(শুভাশিস চৌধুরী)

অবর সচিব, ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষৎ।